

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।  
[www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd)

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১৯.২৭.০০১.১৯- ২৫২

তারিখঃ ১৬ অক্টোবর, ২০১৯খ্রিঃ।

বিষয়: আঞ্চলিক কার্যালয়ের আওতাধীন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনসহ কার্যকর ব্যবস্থা গ্রহণ।

সূত্র: স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.০২২.১৯.৩১১

তারিখঃ ১৬মে, ২০১৯খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকে আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তাদের দায়িত্ব ও কর্তব্য পালন বিষয়ে পরিদর্শন ছক প্রেরণ করা হয়। ইতোমধ্যে বিভিন্ন অঞ্চল থেকে পরিদর্শন প্রতিবেদন পাওয়া যাচ্ছে। প্রতিবেদন ছকে পরিদর্শনকৃত প্রতিষ্ঠানসমূহে বিভিন্ন অসংগতি পরিলক্ষিত হচ্ছে।

কার্যকর ও সমন্বিত কার্যক্রমের স্বার্থে নিম্নোক্ত নির্দেশাবলী প্রতিপালন আবশ্যিক।

(ক) প্রমাপ অনুযায়ী পরিদর্শন সম্পন্ন করণ;

(খ) আইন-কানুন, বিধি-বিধান ও নীতিমালা প্রতিপালনে প্রতিষ্ঠানে অসংগতি পাওয়া গেলে অসংগতিসমূহ দূরীকরণে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণ এবং বাস্তবায়নের জন্য আঞ্চলিক পরিচালককে নির্দেশনা প্রদান;


(গ) নির্দিষ্ট সময়ের মধ্যে অসংগতি দূরীকরণে ব্যর্থতায় শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নিকট আঞ্চলিক পরিচালক কর্তৃক ব্যাখ্যা তলব;

(ঘ) জবাব সন্তোষজনক না হলে নির্দিষ্ট সময়ের মধ্যে অসংগতি দূরীকরণের জন্য প্রতিষ্ঠান প্রধানের মুচলেকা গ্রহণ;

(ঙ) বর্ণিত (খ) থেকে (ঘ) প্রক্রিয়া সম্পন্ন করার পরেও ব্যর্থ প্রতিষ্ঠানের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক বরাবরে মতামত প্রেরণ।

বর্ণিত প্রক্রিয়া অনুসরণপূর্বক প্রতিমাসে গৃহীত কার্যক্রম পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে এ দপ্তরে এতদসঙ্গে সংযুক্ত ছকে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ছক-১ ফর্দ।

  
(এস. এম. ফেরদৌস আলম)  
যুগ্ম-সচিব  
ও  
পরিচালক (পিআইডব্লিউ)

প্রাপক: আঞ্চলিক পরিচালক,  
আঞ্চলিক পরিচালকের কার্যালয়,  
সকল আঞ্চলিক।

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১৯.২৭.০০১.১৯- ২৫২

তারিখঃ ১৬ অক্টোবর, ২০১৯খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি(জৈষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। পরিচালক(প্রশাসন/ পিআইডব্লিউ/ভোকেশনাল/পরি: ও উন্নয়ন/পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সহকারী পরিচালক(শাখা-১/৬/৮/পিআইডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর(পত্রটি ওয়েভ সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সংরক্ষন নথি।

(প্রকৌ. মোঃ খুরশিদ আলম)  
সহকারী পরিচালক (পিআইডব্লিউ)

কারিগরি শিক্ষা অধিদপ্তরে প্রেরিতব্য তথ্য ছক

ক্র:নং	পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী	পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	প্রাপ্ত অসংগতি	গৃহীত কার্যক্রম	মন্তব্য
১					
২					
৩					
৪					
৫					
৬					
৭					
৮					
৯					
১০					